



বাংলাদেশ দূতাবাস
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি

নং ১৩৫

বাংলাদেশ দূতাবাস, ব্যাংককে বাংলা নববর্ষ ১৪৩১ উদযাপন

ব্যাংকক, ১৪ এপ্রিল ২০২৪

উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়ে বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক এ আজ বাংলা নববর্ষ ১৪৩১ উদযাপন করা হয়। অনুষ্ঠানের শুরুতে বাংলা নববর্ষ উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত বাণী পাঠ করেন যথাক্রমে দূতাবাসের মিনিস্টার (রাজনৈতিক) ও মিশন উপ-প্রধান মিজ মালেকা পারভীন, এনডিসি; এবং কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব মোঃ মাসুমুর রহমান।

দিবসটি উপলক্ষ্যে মান্যবর রাষ্ট্রদূত জনাব মো: আব্দুল হাই তাঁর বক্তব্যের শুরুতে সবাইকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানান। তিনি তাঁর বক্তব্যে বাংলাদেশের সংবিধানে দেশের সাংস্কৃতিক ঐতিহ্য ও উত্তরাধিকার সংরক্ষণের উপর গুরুত্বারোপের বিষয়টি উল্লেখ করে বলেন, সর্বস্তরের জনগণের জাতীয় সংস্কৃতিতে অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ প্রসঙ্গে তিনি বিশেষভাবে নববর্ষ ভাতা প্রদানের পটভূমি তুলে ধরেন এবং বাংলাদেশের নিজস্ব সংস্কৃতির যথাযথ বিকাশের ওপর গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, আগামী মাসের মাঝামাঝি সময় নববর্ষ ১৪৩১ উদযাপন উপলক্ষ্যে দূতাবাস কর্তৃক একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দূতাবাসের কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব মোঃ মাসুমুর রহমান।

